

১) 'জল' সম্বন্ধে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- ভূমিকা
- জলের অপর নাম 'জীবন'
- জলের উৎস
- জলের তিনটি অবস্থা
- প্রাত্যহিক জীবনে জলের বিভিন্ন ব্যবহার
- কয়েকটি জলবাহিত রোগ
- উপসংহার



নমুনা অনুচ্ছেদ

জল তরল পদার্থ, এর কোনো আকার, রং, স্বাদ ও গন্ধ নেই। যে পাত্রে জল রাখা হয়, সেই পাত্রের আকার ধারণ করে। জল ছাড়া পৃথিবীতে কোনো প্রাণীই বাঁচতে পারে না তাই জলের অপর নাম 'জীবন'। পুকুর, নদী, নালা, খাল, বিল, ঝর্ণা, কুয়ো, নলকূপ, সাগর, মহাসাগর থেকে আমরা জল পাই। জলের তিনটি অবস্থা — জলীয়, বাষ্পীয় ও কঠিন। সূর্যের তাপে নদীনালা জল বাষ্প হয়ে আকাশে উঠে যায়, সেখানে জলীয় বাষ্প মেঘে পরিণত হয় তারপর মেঘ থেকে আবার জল হয়। প্রাত্যহিক জীবনে আমরা জল দিয়ে নানা কাজ করে থাকি, যেমন — স্নান করা, জামা-কাপড় কাচা, বাসন মাজা, রান্না করা, জল পান করা, বিদ্যুৎ তৈরি করা ও চাষ আবাদ করা ইত্যাদি। জল নানাভাবে দূষিত হয় তাই এই দূষিত জল ব্যবহার করলে নানা রকম রোগ হয়, যেমন — ডায়রিয়া, জন্ডিস, আমাশয়, টাইফয়েড, কলেরা ইত্যাদি। জল হল পৃথিবীর সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি সম্পদ। তাই নিয়মিত মাত্রায় যথাযথ প্রয়োজন অনুসারে জলের ব্যবহার এবং যথাসম্ভব সংরক্ষণই আমাদের পরম কর্তব্য হওয়া উচিত।

_____ X _____

Rita Das